**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**28 OCTOBER 2024** **7:35 AM IST**

**=================================================================**

চলতি বছরের প্রথম ছয়মাসে মহাত্মা গান্ধী জাতীয় গ্রামীণ নিয়োগ নিশ্চিতকরণ প্রকল্পের অধীনে গ্রামাঞ্চলের নিয়োগ ১৬ শতাংশ হ্রাস করা হয়েছে বলে কিছুসংখ্যক সংবাদমাধ্যমে প্রকাশিত প্রতিবেদন সরকার গতকাল অস্বীকার করেছে । এই প্রকল্প চাহিদার ভিত্তিতে পরিচালিত বলে উল্লেখ করে গ্রামোন্নয়ন মন্ত্রণালয় জানিয়েছে যে চলতি অর্থ বছর অব্যহত থাকার পরিপ্রেক্ষিতে কর্মদিনের সংখ্যার সঠিক লক্ষ্য নির্ধারণ এখনই করা সম্ভব নয় । মন্ত্রণালয় আরো জানিয়েছে যে ২০১৪-১৫ সাল থেকে ২০২৪-২৫ সালের মধ্যে মোট কর্মদিবসের সংখ্যা ২ হাজার ৯২৩ কোটি ছিলো । সেখানে ২০০৬- ৭ সাল থেকে ২০১৩-১৪ সালের মধ্যে এই কর্মদিবসের সংখ্যা ছিলো মাত্র এক হাজার ৬৬০ কোটি ।এই প্রকল্পের মাধ্যমে গ্রামঞ্চলগুলিতে একেকটি অর্থ বছরে প্রতিটি পরিবারের শারিরীক শ্রমে আগ্রহী প্রাপ্তবয়স্ক সদস্যকে কম করেও ১০০ টি কর্মদিবস প্রদান করে জনসাধারণের জীবিকার সুরক্ষা বৃদ্ধি করার লক্ষ্য নির্ধারণ করা হয়েছে বলেও মন্ত্রণালয় জানিয়েছে ।

রাজ্যের মন্ত্রীসভা আসাম সরকারের অধীন কর্মচারীদের মহার্ঘ ভাতা ৩ শতাংশ বৃদ্ধির প্রস্তাবে অনুমোদন দিয়েছে । গতকাল গৌহাটীর লোকসেবা ভবনে অনুষ্ঠিত রাজ্য কেবিনেটের বৈঠকে বেশ কয়েকটি সিদ্ধান্ত গ্রহণ করা হয় । এই সিদ্ধান্ত চলতি বছরের পয়লা জুলাই থেকে প্রযোজ্য হবে ।তবে কর্মচারীরা পয়লা ডিসেম্বর থেকে বর্ধিত হারে মহার্ঘ ভাতা লাভ করবেন । বাকী ৪ মাসের বকেয়া কর্মচারীদের ৪ টি কিস্তিতে প্রদান করা হবে ।রাজ্য সরকারের এই বৃদ্ধির জন্য বছরে অতিরিক্ত ৮ কোটি ৫০ লক্ষ টাকা ব্যয় হবে । কেবিনেট কমনোয়েলথ গেমস ও অলিম্পিকে দেশকে প্রতিনিধিত্ব করা রাজ্যের ধনুর্বিদ জয়ন্ত তালুকদারকে উপ পুলিশ সুপার পদে নিযুক্তি দেওয়ার প্রস্তাবে অনুমোদন জানিয়েছে । রাস উদযাপন করা ধর্মীয় প্রতিষ্ঠানকে ২৫ হাজার টাকা করে আর্থিক অনুদান প্রদান করার জন্য মন্ত্রীসভা সিদ্ধান্ত গ্রহণ করেছে ।কেবিনেট সরকারী চিকিৎসালয়ের জন্য ঔষধ ক্রয়ের উদ্দেশ্যে ১৭৫ কোটি টাকা ও পুলিশ বিভাগের সামগ্রীক উন্নয়নের জন্য রুপায়ন করে থাকা মৈত্রী প্রকল্প বাবদ ১৫০ কোটি টাকায় অনুমোদন দিয়েছে ।এই প্রকল্পটি রাজ্যের সব চিকিৎসা মহাবিদ্যালয় হাসপাতাল , রাজ্য কর্কট প্রতিষ্ঠান , আঞ্চলিক দন্ত মহাবিদ্যালয় ও চা বাগানের চিকিৎসালয়ে বিশেষ চিকিৎসা সহ রাজ্যের সব চিকিৎসা মহাবিদ্যালয় হাসপাতালে বিনামূল্যে অত্যাবশ্যকীয় ঔষধ , অস্ত্রপচারের সামগ্রী ইত্যাদি সরবরাহ করবে ।রাজ্যে চলা বৃহৎ সংখ্যক পরিকাঠামো প্রকল্প সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য গতকাল কেবিনেট ৩৬ জন সহকারী বাস্তুকারকে পুনরায় নিযুক্তির জন্য অনুমোদন দিয়েছে ।যাতায়াত ও জলসেচের মাধ্যমে

গ্রামোন্নয়নকে এগিয়ে নিয়ে যেতে কেবিনেট রাজ্যে ৯৭ টি গ্রামীন সড়ক ও ৭০ টি ক্ষুদ্র জলসেচ প্রকল্প নির্মানে অনুমোদন দিয়েছে ।
এদিকে গতকাল অনুষ্ঠিত রাজ্য মন্ত্রী সভার বৈঠকে ১৯৫৬ সালের আসাম মিউনিসিপাল আইনের ৪ নম্বর ধারার অধীনে পাথারকান্দি শহর এলাকায় মিউনিসিপাল বোর্ড স্থাপনের সিদ্ধান্ত নেওয়া হয়েছে । ৭টি রাজস্ব গ্রাম সহ ১০ টি ওয়ার্ড নিয়ে এই পুর বোর্ড গঠন করা হবে । এই পুর বোর্ড গঠন করা হলে পূর্বের পাথারকান্দি গ্রাম পঞ্চায়েত বাতিল করা হবে ।
পাথারকান্দির বিধায়ক কৃষ্ণেন্দু পাল কেবিনেটের এই সিদ্ধান্তের জন্য মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মার প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করেছেন । এই পদক্ষেপ পরিকাঠামো ,বিভিন্ন সেবা সহ পাথারকান্দির জনসাধারণের জন্য সুযোগ বৃদ্ধি করবে করবে বলে বিধায়ক আশা প্রকাশ করেন ।

---

ভারতবর্ষ বর্তমানে বিশ্বের সম্মুখে সম্পূর্ন সম্ভাবনাময় উদীয়মান তারকা সদৃশ ও এই সম্ভাবনা বহন করে উত্তরপূর্বাঞ্চলের রাজ্যগুলির নতুন প্রজন্ম নব জাগরণ সৃষ্টি করে এগিয়ে চলেছে বলে উপরাষ্ট্রপতি জগদীপ ধনখড় প্রকাশ করেছেন । গতকাল গৌহাটীতে কৃষ্ণগুরু আর্ন্তজাতিক আধ্যাত্মিক যুব সমাজের একবিংশ দ্বিবার্ষিক সমাবর্তনে প্রদত্ত ভাষনে উপরাষ্ট্রপতি একথা বলেন । তিনি বলেন যে ভারতবর্ষ বর্তমানে বিভিন্ন সুযোগ সন্ধানের ক্ষেত্রে অন্যতম কেন্দ্র হিসেবে পরিগনিত হয়েছে ।ও যুবক যুবতীদের জন্য সরকার বিভিন্ন নীতির অধীনে বিকাশের জন্য সুযোগ প্রদান করছে । শ্রী ধনখড় বলেন যে ভারতবর্ষ শীঘ্র জাপান , জার্মানী ও অন্য বহু উন্নত রাষ্ট্রকে অতিক্রম করে তৃতীয় বৃহৎ অর্থনীতি হিসেবে পরিগনিত হবে ।এই

ক্ষেত্রে যুব প্রজন্ম গুরুত্বপূর্ন ভূমিকা পালন করতে পারে বলে তিনি উল্লেখ করেন ।

শ্রীধনখড় ভারতের আধ্যাত্মিক ঐতিহ্যের বিষয়ে মন্তব্য করে বলেন যে ৫ হাজার বছর পুরোনো এই পরম্পরাকে ভিত্তি করে দেশের আধ্যাত্মিক গুরুরা ঐতিহ্যকে বহন করে আসছেন ।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ডিজিট্যাল এরেষ্টের নামে চলা প্রতারণা নিয়ে উদ্বেগ প্রকাশ করেছেন । গতকাল আকাশবাণীর মন-কি-বাত অনুষ্ঠানের ১শো ১৫তম পর্বে অংশ নিয়ে প্রধানমন্ত্রী বলেন যে ডিজিট্যাল এরেষ্টের নামে চলা বিভিন্ন প্রতারণা রোধে তদন্তকারী সংস্থাগুলো একত্রিত হয়ে কাজ করছে । আইনের অধীনে কোন মানুষকে ডিজিট্যালি প্রতারণার ফাঁদে ফেললে ওই প্রতারকের কঠোর শাস্তির ব্যবস্থা রয়েছে।

প্রধানমন্ত্রী বলেন যে সব শ্রেনীর লোক ডিজিট্যাল এরেষ্টের শিকার হচ্ছেন এবং ভয়ের জন্যই তারা লক্ষ লক্ষ টাকা হারিয়েছেন । শ্রী মোদী এ ধরণের প্রতারকের ফোন পেলে আতঙ্কগ্রস্থ না হতে জনসাধারণের প্রতি আহ্বান জানিয়েছেন । তদন্তকারী সংস্থাগুলি ফোন অথবা ভিডিও কলের মাধ্যমে কখনও জিজ্ঞাসাবাদ করে না বলেও তিনি স্পষ্ট করে দেন ।একই সঙ্গে এ ধরণের ঘটনার পরামর্শের জন্য জাতীয় সাইবার হেল্পলাইন নম্বর ১৯৩০তে ফোন করতে এবং cybercrime.gov.in এ বিস্তারিত জানাতে জনসাধারণের প্রতি আহ্বান জানান ।

এছাড়া প্রধানমন্ত্রী বিশ্ব এনিমেশন দিবস ,ভোকাল ফর লেকাল এবং ফিট ইন্ডিয়া ইত্যাদি বিষয় নিয়েও আলোচনা করেন ।

প্রধানমন্ত্রী  মন-কি-বাত অনুষ্ঠানের মাধ্যমে দেশবাসীকে ধনতেরাস, আলোর উৎসব দিপাবলী, সট পূজা এবং গুরুনানক জয়ন্তীর শুভেচ্ছা জ্ঞাপন করেন ।

---

হাইলাকান্দির আদি কালীবাড়ির ৩১৭তম কালীপূজা উপলক্ষ্যে আজ একটি প্রস্তুতি সভা অনুষ্টিত হয়েছে । মন্দির পরিচালন কমিটির সভাপতি রাহুল রায়ের পৌরহিত্যে আয়োজিত সভায় এবছরের পূজার বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করা হয়েছে । সভায় মন্দির কমিটির সাধারন সম্পাদক সন্দীপন পাল , সহ-সভাপতি গৌতম গুপ্ত ,কোষাধ্যক্ষ সুব্রত শর্মা মজুমদার প্রমূখ বক্তব্য রাখেন ।

---